



তথ্যবিবরণী

নম্বর-২৮২

নারীদের জীবনমান উন্নয়নে দুর্গাপুরে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

রাজশাহী, ১৫ জ্যৈষ্ঠ (২৯ মে):

আজ বুধবার (২৯ মে) 'প্রান্তিক পর্যায়ে উন্নয়ন প্রচার' প্রকল্পের আওতায় রাজশাহীর দুর্গাপুর উপজেলা পরিষদ হলরুমে নারীদের জীবনমান উন্নয়নে জেলা তথ্য অফিসের আয়োজনে মহিলা সমাবেশ ও চলচ্চিত্র প্রদর্শন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে দুর্গাপুর উপজেলা নির্বাহী অফিসার স্বীকৃতি প্রামাণিক এর সভাপতিত্বে জেলা তথ্য অফিসের পরিচালক মোহাঃ ফরহাদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ইসলামিক ফাউন্ডেশন এর ফিল্ড সুপার ভাইজার মোস্তাক আহমাদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বক্তাগণ সার্বজনীন পেনশন স্কিম, স্মার্ট বাংলাদেশ, প্রধানমন্ত্রীর দশটি বিশেষ উদ্যোগ, বাল্যবিবাহের কুফল, মাদক, গুজব, ডেঙ্গু এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধসহ জনগুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করেন।

অনুষ্ঠানের শুরুতে জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরিন স্বাগত বক্তব্য রাখেন।

উল্লেখ্য, মহিলা সমাবেশে পেনশন স্কিম, মাদক, বাল্যবিবাহ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শন করা হয়। সমাবেশে ১৫০ জন নারী অংশগ্রহণ করেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৬.৪০ঘ.